

ওঁ নমো ভগবতে রামকৃষ্ণঘায়

গাজীপুর  
২ৱা এপ্রিল, ১৮৯০

ভাই কালী,

তোমার, প্রমদাবাবুর ও বাবুরামের হস্তাক্ষর পাইয়াছি। আমি এ স্থানে একরকম মন্দ নাই। তোমার আমাকে দেখিবার ইচ্ছা হইয়াছে, আমারও বড় এঁরূপ হয়, সেই ভয়েই যাইতে পারিতেছি না -- তার উপর বাবাজী বারণ করেন। দুই-চারি দিনের বিদায় লইয়া যাইতে চেষ্টা করিব। কিন্তু ভয় এই তাহা হইলে একেবারে, হ্যাকেশী টানে পাহাড়ে টেনে তুলবে -- আবার ছাড়ানো বড় কঠিন হইবে, বিশেষ আমার মতো দুর্বলের পক্ষে। কোমরের বেদনাটাও কিছুতেই সারে না -- *cadaverous* (জঘন্য)। তবে অভ্যাস পড়ে আসছে। প্রমদাবাবুকে আমার কোটি কোটি প্রণাম দিবে, তিনি আমার শরীর ও মনের বড় উপকারী বন্ধু ও তাঁহার নিকট আমি বিশেষ ঋণী। যাহা হয় হইবে। ইতি

শুভাকাঙ্ক্ষী

নরেন্দ্র